

অক্টোবর/২০২১ মাসের উপজেলা পরিষদ সভার কার্য-বিবরণী

সভাপতি	:	জনাব মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ উপজেলা পরিষদ চেয়ারম্যান সাঁথিয়া, পাবনা।
ত্রিভঙ্গ	:	২৮/১০/২০২১ খ্রিঃ
সময়	:	বেলা ১১.০০ ঘটিকা।
স্থান	:	উপজেলা পরিষদ সভাকক্ষ, সাঁথিয়া, পাবনা।

(উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" দৃষ্টব্য)

উপজেলা পরিষদ চেয়ারম্যান, জনাব মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু হয়। তিনি সকলকে সভার শুরুতে স্বাগত জানান। অতঃপর তিনি গত সভার কার্য-বিবরণী পাঠ করে শুনানোর জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার গত সভার কার্য-বিবরণী পাঠ করে শুনান। কার্য-বিবরণীর উপর কারও কোন সংশোধনী/আপত্তি থাকলে তা উল্লেখ করার জন্য অনুরোধ করা হয়। কোন সংশোধনী ব্যতিরেকে বিগত সভার কার্য-বিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়করণ করা হয়।

ক্রঃ নং	বিভাগ ওয়ারী আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	উপজেলা কৃষি অফিসঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানান, রাজস্ব খাতের ২০২১-২০২২ মৌসুমে খরিপ-১ ও খরিপ-২, ৬৪ টি প্রদর্শনীর কার্যক্রম মাঠে চলমান। এনএটিপি-২ প্রকল্পের খরিপ-১/২০২১-২২ মৌসুমে ১৩ টি প্রদর্শনী মাঠে বাস্তবায়িত। ২০২১-২২ মৌসুমের এসএমই প্রকল্পের ০৪ টি প্রদর্শনীর কার্যক্রম মাঠে চলমান রয়েছে। প্রযুক্তি ফলবাগান প্রদর্শনী-৯৮ টি বাস্তবায়িত। সারের উত্তোলন ও মজুদের পরিষ্কৃত ভাল। কোন সংকট নেই। মাঠ দর্শ্যমান বিভিন্ন ফসলের পরিচর্যার কার্যক্রম চলমান। এনএটিপি-২ প্রকল্পের আওতায় গঠনকৃত ১০০ টি সিআইজির নিবন্ধন এর কার্যক্রম চলমান। পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদনের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম চলমান। পরিবেশ বান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদনের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম চলমান। খরিপ-২/২০২১-২২ বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী বাস্তবায়ন কার্যক্রম চলমান। রোপা আমন প্রণোদনা ৩০০ জন কৃষকের মাঝে বিতরণ কার্যক্রম শেষ হয়েছে এবং মাঠ বাস্তবায়নের কাজ চলছে। চলতি মৌসুমে ১০৪৫০ হেক্টর জমিতে রোপা আমন ধান আবাদের কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান কৃষি যন্ত্রপাতি রাখার জন্য একটি গোড়াউন তৈরী করা প্রয়োজন। উক্ত গোড়াউন তৈরীর জন্য ৩ শতাংশ জায়গার প্রয়োজন। তিনি সুবিধামত জায়গা বরাদ্দের জন্য সভায় অনুরোধ করেন।	উপজেলা পরিষদের অভ্যন্তরে সুবিধামত জায়গা নির্ধারণের জন্য উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব দেয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার/ উপজেলা প্রকৌশলী, সাঁথিয়া, পাবনা।
২.	স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ এর টীকা কার্যক্রম চলমান।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, সাঁথিয়া, পাবনা।
৩.	উপজেলা প্রাণি সম্পদ অফিসঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান, তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণি সম্পদ অফিসার, সাঁথিয়া, পাবনা।
৪.	উপজেলা প্রকৌশলীর দপ্তরঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বৎসরে এটিপি (রাজস্ব উন্নয়ন) খাত হতে ২,৩৫,০০,০০০/- (দুই কোটি পঁয়ত্রিশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে।	দ্রুত প্রকল্প গ্রহণ, প্রাক্কলন প্রস্তুতসহ পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, সাঁথিয়া, পাবনা।
৫.	উপজেলা শিক্ষা অফিসঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, দীর্ঘ ১৮ মাস পরে সীমিত পরিসরে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খোলার নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খুলেছে এবং ক্লাস চলেছে।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, সাঁথিয়া, পাবনা।
৬.	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, অত্র উপজেলায় ৩টি নবনির্মিত মা ও শিশু কল্যাণ কেন্দ্র ইতোমধ্যে হস্তান্তর করেছে। কিন্তু ভবনগুলোতে বর্তমানে কোন নিরাপত্তা ব্যবস্থা না থাকায় কিছুটা বুকির সম্মুখীন হতে হচ্ছে। তিনি উপজেলা পরিষদ অথবা ইউনিয়ন পরিষদ হতে নিরাপত্তার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ করেন। তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে।	উর্কৃত কর্মতৃপক্ষ বরাবর নিরাপত্তা প্রহরী চেয়ে অথবা আউট সোর্সিং এর মাধ্যমে টাকা বরাদ্দ চেয়ে নিরাপত্তার কাজে লোক নিয়োগের নিমিত্ত পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
৭.	জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরঃ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, ২০২০-২০২১ অর্থবছরের ২য় বাপে সাবমারসিবলের তালিকা এখনও পাওয়া যায়নি। ফলে কাজ বাস্তবায়নে সমস্যা হচ্ছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক চলছে।	-	-
৮.	উপজেলা মৎস্য বিভাগঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ৪ অক্টোবর থেকে ২৫ অক্টোবর পর্যন্ত মোট ২২ দিন " মা ইলিশ সংরক্ষণ অভিযান/২০২১ " এর সময়কাল নির্ধারণ করা হয়েছিল। এসময় উপজেলা মৎস্য অফিসন, সাঁথিয়া কর্তৃক নিয়মিত সাঁথিয়া উপজেলার বিভিন্ন হাট-বাজার, আড়ৎ এ অভিযান পরিচালনা করে " মা ইলিশ সংরক্ষণ অভিযান/২০২১ " সফলভাবে বাস্তবায়ন করেন। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক চলছে।	-	-
৯.	উপজেলা সমাজসেবা কর্মকর্তার দপ্তরঃ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান, তাঁর বিভাগের সার্বিক কার্যক্রম সৃষ্টি ভাবে বাস্তবায়ন হচ্ছে।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা অফিসার, সাঁথিয়া

১০.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দপ্তর : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ২০২১-২০২২ চক্রের জন্য নির্ধারিত ভিজিডি কর্মসূচির আওতায় সাঁথিয়া উপজেলাধীন ১০ টি ইউনিয়নে ২২৭০ জন উপকারভোগির মাঝে মাসিক ৩০(ত্রিশ) কেজি হারে অক্টোবর/২০২১ মাসে খাদ্য বিতরণ সম্পূর্ণ হয়েছে। স্বেচ্ছাসেবী মহিলা সমিতির অনুকূলে অনুদান প্রাপ্তির জন্য ১১ টি সক্রিয় সমিতির আবেদন পাওয়া গেছে। কর্মটির মাধ্যমে যাচাই-বাছাই করে জেলা কার্যালয়ে পাঠানো হবে। জয়তা অধেষণে বাংলাদেশ শীর্ষক কর্মসূচীর আওতায় ০৫(পাঁচটি) ক্যাটাগরিতে সফল জননীদের সম্মাননা প্রদান করা হবে। সফল জননীদের তালিকা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জমা দেয়ার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সাঁথিয়া, পাবনা।
১১.	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তর: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ৩য় পর্যায়ের ঘরের কার্যক্রম চলমান। টি.আর, কাবিখার তালিকা জেলা প্রশাসক, পাবনা বরাবর প্রেরণ করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।	-	-
১২.	উপজেলা পল্লী উন্নয়ন অফিস: উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, সপ্তমের লক্ষমাত্রা-১.১০ লক্ষ টাকা অর্জন-০.১২ লক্ষ টাকা, শেয়ারের লক্ষমাত্রা-১.১০ লক্ষ টাকা অর্জন-০.০৯ লক্ষ টাকা, ঋণ বিতরণের লক্ষমাত্রা-২০০.২০ লক্ষ টাকা অর্জন-৪৬.৯০ লক্ষ টাকা, ঋণ আদায়ের লক্ষমাত্রা-৭৬.৬৬ লক্ষ টাকা অর্জন-৬৫.৫১ লক্ষ টাকা। এছাড়াও এ বছরের ব্যাংক ঋণ বাবদ ১৩০.৮২ লক্ষ টাকা অনুমোদন পাওয়া গেছে যা ৪৩ টি সমিতির মধ্যে বিতরণ করা হবে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
১৩.	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস: উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, কোভিড-১৯ পরবর্তী স্বাস্থ্যবিধি মেনে উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে সরকার কর্তৃক নির্ধারিত রুটিন অনুযায়ী শ্রেণি পাঠদান চলছে। আগামী ১৪/১১/২০২১ খ্রিঃ তারিখ থেকে এসএসসি/ দাখিল/ সমমানের পরীক্ষা শুরু হবে মর্মে বোর্ড কর্তৃক রুটিন প্রকাশিত হয়েছে। ৬ষ্ঠ হতে একাদশ শ্রেণি পর্যন্ত আয়রণ ফলিক এসিড ট্যাবলেট সকল মেয়ে বাচ্চাদের প্রতি সপ্তাহে একটি করে ৩ মাস ব্যাপী খাওয়ানোর জন্য। প্রয়োজনীয় সংখ্যক ট্যাবলেট সিভিল সার্জন, পাবনা থেকে গ্রহণ করে সকল প্রতিষ্ঠানে পৌঁছানো হয়েছে। ৩০ অক্টোবর হতে ৫ নভেম্বর/২০২১ পর্যন্ত জাতীয় কৃষি নিয়ন্ত্রণ দিবস উদযাপন কর্মসূচীর আওতায় সকল শিক্ষার্থীদের জন্য উপজেলা স্বাস্থ্য বিভাগের মাঠকর্মীদের মাধ্যমে প্রয়োজনীয় সংখ্যক ট্যাবলেট প্রতিষ্ঠানে পৌঁছানো হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সাঁথিয়া, পাবনা।
১৪.	উপজেলা যুব উন্নয়ন অফিস : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২১-২০২২ অর্থবছরে ০৩(তিন) টি ব্যাচে ৯০ জন যুব/যুব মহিলাকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তিনি জানান আগামী ১ নভেম্বর ২০২১ জাতীয় যুব দিবস পালিত হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	যথাযথভাবে প্রশিক্ষণ সম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহিত হয়	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সাঁথিয়া, পাবনা।
১৫.	উপজেলা সমবায় অফিস: উপজেলা সমবায় অফিসার সভায় জানান, উপজেলা সমবায় অফিসার সভায় জানান, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (২০২১-২২) এর লক্ষমাত্রা অনুযায়ী সমবায় সমিতিসমূহের বার্ষিক বিধিবদ্ধ অডিট, নির্বাচন, এজিএম, ড্রাম্যমান প্রশিক্ষণ, সরকারি রাজস্ব আদায় ইত্যাদি কার্যক্রম চলমান আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়	উপজেলা সমবায় কর্মকর্তা, সাঁথিয়া, পাবনা।
১৬.	উপজেলা পরিসংখ্যান অফিস: উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সাঁথিয়া, পাবনা
১৭.	বি এ ডি সি অফিস : সহকারী প্রকৌশলী বিএডিসি সভায় জানান, পাবনা সেচ ও পল্লী উন্নয়ন প্রকল্পটির পুনর্বাসন প্রকল্পটি প্রস্তাবনার জন্য কারিগরী কমিটি গঠনের প্রস্তাব করা হয়েছে। কারিগরী কমিটি গঠন ও প্রাপ্ত কারিগরী কমিটির প্রতিবেদন অনুযায়ী উক্ত প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সাঁথিয়া, পাবনা
১৮.	বনবিভাগ : ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বন বিভাগ সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বন বিভাগ
১৯.	উপজেলা হিসাব রক্ষণ অফিসার: উপজেলা হিসাব রক্ষণ অফিসার সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা হিসাব রক্ষণ অফিসার
২০.	উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, তাঁর দপ্তরটি মেবামত করা প্রয়োজন।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
২১.	উপজেলা আনসার ও ভিডিপি অফিস : উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান যে, আগামী ২৮/১১/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে আইন-শৃংখলা রক্ষার কাজে প্রয়োজনীয় সংখ্যক আনসার ও ভিডিপি সদস্য প্রস্তুত রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপঃ আনসার ও ভিডিপি কর্মকর্তা

ক্র. নং	বিভাগওয়ারী আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২২.	উপজেলা নির্বাচন কর্মকর্তা : উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে সকলের সহযোগিতা কামনা করেন।	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাচন কর্মকর্তা
২৩.	উপজেলা রিসোর্স সেন্টার : উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে।		
২৪.	পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প) : পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা বাবুগঞ্জ সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে।	দেয় স্বণ আদায় কার্যক্রম জোরদারকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার
২৫.	উপজেলা প্রকল্প কর্মকর্তা আরএলপি : উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান, চলতি ২০২১-২২ অর্থবছরে অত্র দপ্তরে স্বণ আদায় হয়েছে ২০,৬৪,০০০/- টাকা। অর্থবছরে (প্রতিদিন) টি প্রাথমিক সমিতির ৫২ জন সদস্যের মধ্যে ১১,৫৫,০০০/- টাকা স্বণ বিতরণ করা হয়েছে। পুঁজিগঠনে শেয়ার ও সঞ্চয় গমা আছে ২৬,৬৫,০০০/- টাকা।		
২৬.	তথ্য আপা : তথ্য সেবা কর্মকর্তা সভায় জানান, অক্টোবর/২০২১ মাসে তথ্যকেন্দ্রে ৩৪৯ জন ডোর টু ডোর ৫০১ জন ও ২ টি উঠান বৈঠকে ১০০ জন মোট ৯৫০ জন সেবাহিতাকে সেবা প্রদান করা হয়েছে। জাতীয় মহিলা সংস্থা এর তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোগীদের বিকাশ সাধন প্রকল্প অনলাইন আবেদন চলছে। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।		
২৭.	পানি উন্নয়ন বোর্ড : পানি উন্নয়ন বোর্ডের কোন প্রতিনিধি সভায় জানান, ইছামতি নদীতে কচুরীপানা অপসারণের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ নেই।		
২৮.	পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন : পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান, অক্টোবর/২০২১ মাসে মুদ্র স্বণ ১৩.০২ (লক্ষ) টাকা। নারী উদ্যোগ ৪.৮০ লক্ষ টাকা এবং মুদ্র উদ্যোগ স্বণ ১৪.২০ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। সকল প্রকার স্বণের গড় আদায়ের হার ৯৩%। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।		
২৯.	পল্লী বিদ্যুত সমিতি : এজিএম পল্লী বিদ্যুত সমিতি সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে।		
৩০.	ইসলামিক ফাউন্ডেশন : ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান, সারা দেশের ন্যায় সাঁথিয়া উপজেলায়ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের নির্মাণ কাজ আপাতত বন্ধ আছে। এছাড়া মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের শিক্ষা কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পাঠদান শুরু হয়েছে।		
৩১.	জনপ্রতিনিধি		
(১)	চেয়ারম্যান ধোপাদহ ইউপি : চেয়ারম্যান ধোপাদহ ইউপি সভায় জানান, তাঁর ইউনিয়নের বিভিন্ন রাস্তা মেরামতের কাজ আংশিক সম্পন্ন হয়েছে। তিনি সম্পূর্ণ কাজ দ্রুত সম্পন্ন করার অনুরোধ জানান। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে।		
(২)	চেয়ারম্যান নাগডেমরা ইউপি : চেয়ারম্যান নাগডেমরা ইউপি সভায় জানান, ইছামতি নদী হতে কচুরীপানা ও পানি অপসারণের অনুরোধ জানান।		
(৩)	চেয়ারম্যান গৌরীগ্রাম ইউপি : চেয়ারম্যান গৌরীগ্রাম ইউপি সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে।		
(৪)	চেয়ারম্যান করমজা ইউপি : চেয়ারম্যান করমজা ইউপি সভায় জানান, শামুকজালি- কালাইচড়া রাস্তা নির্মাণ আশু প্রয়োজন।		
(৫)	চেয়ারম্যান নন্দনপুর ইউপি : চেয়ারম্যান নন্দনপুর ইউপি সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে।		
(৬)	চেয়ারম্যান ভুলবাড়ীয়া ইউপি : চেয়ারম্যান ভুলবাড়ীয়া ইউপি সভায় মাধপুর-ভুলবাড়ীয়া রাস্তা মেরামতের অনুরোধ জানান।		
(৭)	চেয়ারম্যান ধুলাউড়ি ইউপি : চেয়ারম্যান ধুলাউড়ি ইউপি সভায় জানান, ইদানিং গরু চোরের উপদ্রব বৃদ্ধি পেয়েছে। তিনি ধুলাউড়ি বাজারের দুই দিকে স্পিড ব্রেকার তৈরির অনুরোধ জানান।		
(৮)	চেয়ারম্যান কাশিনাথপুর ইউপি : চেয়ারম্যান কাশিনাথপুর ইউপি সভায় জানান, পানি উন্নয়ন বোর্ডের জায়গা চিহ্নিতকরণের জন্য অনুরোধ জানান।		
(৯)	চেয়ারম্যান ক্ষেতুপাড়া ইউপি : চেয়ারম্যান ক্ষেতুপাড়া ইউপি সভায় জানান, উপজেলা প্রকৌশলী কর্মরত না থাকায় দাপ্তরিক কর্মকাণ্ডে সমস্যার সৃষ্টি হচ্ছে।		
(১০)	চেয়ারম্যান, আর/ আতাইকুলা ইউপি : চেয়ারম্যান আর-আতাইকুলা ইউপি সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে।		
(১১)	মহিলা ভাইস চেয়ারম্যান : মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান, উপজেলা পরিষদের গঠিত স্থায়ী কমিটির সভা নিয়মিতভাবে করার জন্য অনুরোধ জানান।		
(১২)	ভাইস চেয়ারম্যান : ভাইস চেয়ারম্যান সভায় জানান, সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানগণকে সম্মিলিতভাবে কাজ করার আহবান জানান।		

২৭. বিবিধ আলোচনা

(ক)	উপজেলা নির্বাহী অফিসার : উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদের বাসাবাড়ি মেরামতের জন্য ১০/২০১৭-২০১৮ নং বিজ্ঞাপনটি দৈনিক যুগান্তর পত্রিকায় প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তিটি প্রকাশনা বাবদ ৩৩,১১০/- টাকার বিল সংশ্লিষ্ট পত্রিকা কর্তৃপক্ষ দাখিল করেছেন। বিলটি প্রদান করা প্রয়োজন।	উপজেলা রাজস্ব তহবিল হতে বিজ্ঞাপন প্রকাশনা বাবদ ৩৩,১১০/- টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া
(খ)	উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদের অভ্যন্তরে পুকুরের পাড় ভেঙ্গে যাওয়ায় তা মেরামত করা প্রয়োজন উক্ত কার্যক্রম সম্পন্ন করতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পুকুর পাড় মেরামত বাবদ ২,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।	উপজেলা প্রকৌশলী, সাঁথিয়া, পাবনা
(গ)	চেয়ারম্যান, উপজেলা পরিষদ : উপজেলা চেয়ারম্যান সভায় জানান, গঠনমূলক আলোচনা হয়েছে। তিনি সকলের সুস্বাস্থ্য কামনা করেন।		

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপজেলার সার্বিক কর্মকাণ্ডে বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের প্রত্যাশা ব্যক্ত করে সবাইকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ)

চেয়ারম্যান

উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা

উপজেলা পরিষদ কার্যালয়

সাঁথিয়া, পাবনা।

santhia.pabna.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬৭২.০০০০.০৭.০০১.২১- ১০৪৩ (৫০)

তারিখ : -২৮/১০/২০২১ খ্রিঃ

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১ : এ্যাডভোকেট শামসুল হক টুকু, মাননীয় সংসদ সদস্য, ৬৮-পাবনা-১।
- ০২ : সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩ : বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৪ : পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৫ : জেলা প্রশাসক, পাবনা।
- ০৬ : উপ-পরিচালক, স্থানীয় সরকার, পাবনা।
- ০৭ : চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা।
- ০৮ : ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা।
- ০৯ :



(এস এম জামিল আহমেদ)

উপজেলা নির্বাহী অফিসার

৫

মুখ্য নির্বাহী কর্মকর্তা,

উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা